



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা  
চট্টগ্রাম।  
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি)

## আমার সময় পত্রিকার বর্ষপূর্তি অনুষ্ঠানে মেয়র সংবাদপত্র সমাজের তৃতীয় নয়ন

চট্টগ্রাম-২৭ ফেব্রুয়ারি'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, সংবাদপত্র সমাজের তৃতীয় নয়ন এবং যা-কিছু মঙ্গলময় ও জনগুরুত্বপূর্ণ তারই প্রতিফলন সমাজকে অপাপবিদ্ধ ও আলোকিত করে। তিনি আজ শনিবার সকালে চট্টগ্রাম প্রেস ক্লাবের এস. রহমান হলে অনুষ্ঠিত দৈনিক আমার সময় পত্রিকার ৬ষ্ঠ বর্ষপূর্তি উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। তিনি আরো বলেন, সংবাদপত্র ও সাংবাদিকতার বস্তুনিষ্ঠতা তখনই নিশ্চিত হয়, যখন একমুখীন দৃষ্টিভঙ্গির বাইরে গিয়ে তা বহুমুখীন হবে, যা কখনো ওয়ান ওয়ে ট্রাফিক হবে না এবং ডবল ওয়ে ট্রাফিক হবে। অভিযোগ ও সমালোচনার ক্ষেত্রে ক্রস চেক করে নিতে হবে। কারণ যা শুনলাম বা জানলাম তা যাচাই-বাছাই না করেই লিখে ফেলা বা প্রচার করাটা হলুদ সাংবাদিকতারই প্রবণতা। এই মানসিকতার পরিবর্তন না হলে গণমাধ্যম বা সংবাদপত্রের তৃতীয় নয়ন কখনো সর্বজনীন হবে না।

দৈনিক আমার সময় পত্রিকার নির্বাহী লায়ন মুহাম্মদ মীযানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে সাবেক সিটি মেয়র ও মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আ.জ.ম নাছির উদ্দিন। আরো উপস্থিত ছিলেন কাউন্সিলর শৈবাল দাশ সুমন, আবুল হানাত মোহাম্মদ বেলাল, জয় নিউজের সম্পাদক ও চেম্বার পরিচালক অহিদ সিরাজ চৌধুরী স্বপন, মুক্তিযোদ্ধা ফজল আহমদ, সাংবাদিক মো. মোস্তফা মাসুম, মামুনুর রশীদ, কামাল হোসেন, আজিজুল হক, মোহাম্মদ জাহাঙ্গীর আলম, দিলরুবা খান প্রমুখ।

নিবেদক

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতি. দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩